

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৫/২০১৬

অভিযোগকারী : শ্রীধাম কর্মকার
পিতা-সঞ্জু কর্মকার
গ্রাম+পোস্ট-বিপুলাসার
থানা-মনোহরগঞ্জ
জেলা-কুমিল্লা।

প্রতিপক্ষ : কাজী সৈয়দুর রহমান
ম্যানেজার (এস পি ও)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সোনালী ব্যাংক লিঃ
দৌলতগঞ্জ শাখা, কুমিল্লা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১০-০২-২০১৬ ইং)

অভিযোগকারী শ্রীধাম কর্মকার ১৬-০৯-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে ব্রাঞ্চ ম্যানেজার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, দৌলতগঞ্জ শাখা, লাকসাম, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- প্রশ্ন - ১ঃ বিগত ১৪/০৬/২০১৫ ইং তারিখে সরকারী চালান কোড ১-৩৩০১-০০০১-১৮০৭ এ ৪২০ (চারশত বিশ) টাকা জমা দিই। উক্ত চালান ফরমের যে দুই কপি ব্যাংক রেখেছে, তা কোন কোন জায়গায় সংরক্ষণ করা হয়?
- প্রশ্ন - ২ঃ সোনালী ব্যাংক লিঃ দৌলতগঞ্জ শাখা, লাকসাম, কুমিল্লায় চালান ফরমের কোন কপি সংরক্ষিত আছে কি না? থাকলে ফটোকপি।
- প্রশ্ন - ৩ঃ বিগত ১৫/০৬/২০১৫ ইং তারিখে আপনার কাছে এর কপি চাইতে গেলে আপনি বলেছিলেন কোন কপি নেই, সব পাঠিয়ে দেয়া হয়েছে। কোথায় সব পাঠানো হয়েছে?
- প্রশ্ন - ৪ : ব্যাংকারস বুক এডিডেস এন্ট, এন্টি মানি লন্ডারিং এন্ট ও তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিটি লেনদেনের ডকুমেন্ট ব্যাংকের শাখায় রাখার বাধ্যবাধকতা আছে। উক্ত শাখায় যে আইন ও বিধিমালার কারণে লেনদেনের সকল ডকুমেন্ট রাখা হয় না তার ফটোকপি।
- প্রশ্ন - ৫ : দেশের প্রচলিত যে আইন বা বিধিমালার কারণে সংঘটিত লেনদেনের গ্রাহক-কপি গ্রাহকের কাছে থেকে হারিয়ে গেলে ব্যাংকের শাখায় থাকা কপি থেকে ফটোকপি উক্ত গ্রাহককে সরবরাহ করা যায় না তার ফটোকপি।
- প্রশ্ন - ৬ : এই শাখায় আর কত ভাবে কত উপায়ে গ্রাহকদের হয়রানি করা হয়? অতিরিক্ত টাকা দিলে কি কি সেবা পাওয়া যায়।

০২। নির্ধারিত সময়ে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৫-১১-২০১৫ তারিখে জেনারেল ম্যানেজার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, রিজিওনাল অফিস, দৌলতগঞ্জ শাখা, লাকসাম, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-১২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১০-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ: পূ: দ্র:)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী শ্রীধাম কর্মকার হাজির। প্রতিপক্ষ কাজী সৈয়দুর রহমান, ম্যানেজার (এসপিও) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, দৌলতগঞ্জ শাখা, কুমিল্লা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ ম্যানেজার (এসপিও) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, দৌলতগঞ্জ শাখা, কুমিল্লা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করা হয়েছে। প্রতিদিনের চালানে কপি সমূহ পরবর্তী কর্মদিবসে উপজেলা হিসাবরক্ষণ অফিসে পাঠিয়ে দেয়া হয় ব্যাংকে সংরক্ষণ করা হয়না।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

যেহেতু, ম্যানেজার (এসপিও) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সোনালী ব্যাংক লিঃ, দৌলতগঞ্জ শাখা, কুমিল্লা অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন, সেহেতু, অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার